

বন্ধকী সম্পত্তি বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি

(অর্থস্বর্ণ আদালত আইন, ২০০৩ এর ১২ (৩) ধারা অনুযায়ী)



ইউনাইটেড ফাইন্যান্স পিএলসি.

প্রধান কার্যালয় (বর্ধিত)

এসইএল, রোজ এন্ড ডেল (১০ম তলা), ১১৬, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১২০৫, বাংলাদেশ।

ইউনাইটেড ফাইন্যান্স পিএলসি. (সাবেক ইউনাইটেড ফাইন্যান্স লিমিটেড)- এর ঋণ গ্রহীতা ক) রেহেনা আক্তার, ঋমী-মৃত শরাফ উদ্দিন, পিতা- মোঃ মিয়া বস্তু, মাতা-মোছাঃ সর্দাতা বানু, খ) মোঃ মাহফুজুর রহমান পলাশ, গ) মোঃ মোশেদ পিয়াস, ঘ) সাবিকুন নাহার পিয়া, সর্বপিতা-মৃত শরাফ উদ্দিন, মাতা- রেহেনা আক্তার, সর্বসাকিন-দরিয়ামপুর, ডাকঘর-ত্রিশাল-২২২০, থানা ও উপজেলা- ত্রিশাল, জেলা- ময়মনসিংহ নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি দায়বদ্ধ আছে, যাহা বিক্রয়ের সম্পূর্ণ ক্ষমতা ইউনাইটেড ফাইন্যান্স পিএলসি. বহন করে। উক্ত ঋণ গ্রহীতার নিকট বর্তমানে খেলাপী পাওনার পরিমাণ সুদাসলে ৮ ৩২,৯৫,৩০১.১১/- (বত্রিশ লক্ষ পঁচানব্বই হাজার তিনশত এক টাকা এগারো পয়সা) মাত্র (২৮/০৯/২০২৬ ইং তারিখ পর্যন্ত হিসাব অনুযায়ী); যাহা হাল নাগাদ সুদসহ পরিশোধের জন্য বার বার তাগিদ দেওয়া সত্ত্বেও সংশ্লিষ্ট দেনাদার তা পরিশোধ করছেন না। এই প্রেক্ষিতে অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২ (৩) ধারার বিধানে অর্পিত ক্ষমতায় নিম্ন তফসিলে বর্ণিত দায়বদ্ধ সম্পত্তি বিক্রয় পূর্বক পাওনা টাকা আদায়ের নিমিত্তে নিম্ন বর্ণিত শর্তে দরপত্র (টেন্ডার) আহ্বান করা যাচ্ছে :

- ১) দরপত্র জমা দেয়ার শেষ তারিখ ২৯/১০/২০২৬ ইং বিকাল ৪:০০ পর্যন্ত। দাখিলকৃত দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে “সম্পত্তি ক্রয় দরপত্র প্রস্তাব” উল্লেখ করিতে হইবে। দরপত্র সরাসরি নির্ধারিত তারিখের মধ্যে অফিস চলাকালীন সময় পর্যন্ত ইউনাইটেড ফাইন্যান্স পিএলসি. এর অফিসে রক্ষিত বাস্তব রেজিস্টার্ড ডাকযোগে নির্ধারিত সময়ের মধ্যে নিম্ন ঠিকানায় পৌছাতে হবে। দরপত্র জমা দেয়ার শেষ তারিখ এ দিন বেলা ৪:০০ ঘটিকায় অফিসে দরদাতাগণ বা তাহাদের প্রতিনিধিগণ (যদি কেউ উপস্থিত থাকেন) এর সম্মুখে দরপত্র বাস্তব খোলা হবে।
- ২) দরপত্র দাতা উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হলে উহার ২০%, উদ্ধৃত দর দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হলে উহার ১০% জামানতস্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের আকারে ইউনাইটেড ফাইন্যান্স পিএলসি. এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করতে হবে।
- ৩) অনূর্ধ্ব দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে, উদ্ধৃত দর দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হলে উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে, উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হলে দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে, দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করবেন এবং তা করতে ব্যর্থ হলে উক্ত জামানতের টাকা প্রতিষ্ঠান বাজেয়াপ্ত করবে।
- ৪) উপরোক্ত ৩ নং অনুচ্ছেদে এর অধীন জামানত বাজেয়াপ্ত হলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা দরপত্রের মূল্য একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হলে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলাম বরাদ্দ করতে আহ্বান করা হবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা আহুত হওয়ার পর উপরোক্ত মতে নির্ধারিত সময়সীমার মধ্যে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ নিলাম দরদাতাকে সম্পূর্ণ নিলাম মূল্য পরিশোধ করতে হবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা উক্ত সময়সীমার মধ্যে নিলাম মূল্য পরিশোধে ব্যর্থ হলে তার জামানতও বাজেয়াপ্ত হবে।
- ৫) সফল দরদাতাকে সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় ব্যয়সহ ট্যাক্স ও অন্যান্য খরচাদি বহন করতে হবে, ইউনাইটেড ফাইন্যান্স পিএলসি. দরপত্রে তফসিল বর্ণিত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিক ভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হলে দরপত্র প্রস্তাব বাতিল করতে পারবে। কোম্পানী কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন বা সকল দরপত্র গ্রহণ, শিথিল বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। গৃহীত হয় নাই এরূপ দরপত্র দাতাদেরকে তাহাদের জামানতের টাকা ফেরত দেয়া হবে।
- ৬) দরপত্র দাতা কর্তৃক একই তফসিলভুক্ত সম্পত্তির জন্য আংশিক দরপত্র দাখিল গ্রহণযোগ্য হবেনা।
- ৭) দরপত্র জমা দেওয়ার পর নিলামকৃত তফসিল সম্পত্তির আকার, আকৃতি, প্রকৃতি, অবস্থান ও স্বত্বের দলিলপত্র সংক্রান্ত কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবেনা এবং প্রতিষ্ঠানে রক্ষিত সম্পত্তির মালিকানা সম্পর্কিত প্রয়োজনীয় কাগজপত্র যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় দরপত্র দাতাকে হস্তান্তর করা হবে। এর অতিরিক্ত কোন কাগজপত্র প্রয়োজন হলে নিলাম ক্রেতাকে নিজ দায়িত্বে এবং নিজ খরচে তা সংগ্রহ করতে হবে।
- ৮) সম্পত্তি দখল সংক্রান্ত যাবতীয় প্রক্রিয়া ও ব্যয়ভার নিলাম ক্রেতাকে বহন করতে হবে।
- ৯) এই বিজ্ঞপ্তি এবং দরপত্র কোম্পানির ওয়েবসাইট www.ufplc.com এ পাওয়া যাবে। যোগাযোগের নাম্বার : ০১৭৮৭-৬৫৩৯৬৩, কল সেন্টারের নাম্বার : ১৬৩৫৪।

তপছিল (সম্পত্তির পরিচয়)

জেলা- ময়মনসিংহ, থানা, উপজেলা ও সাব রেজিস্ট্রী অফিস-ত্রিশাল, মৌজা- রামপুর, জে,এল,নং- ১৭৫, হাল- ৪৭, খারিজ ঋ নং- ৯৮৩৪।

খতিয়ান নং	দাগ নং	শ্রেণী	জমির পরিমাণ
এসএ	বিআরএস	এসএ	বিআরএস
২৭৬৩	৬৩৫	৩১৩	৬৩৭
		কান্দা	০.০৮০০ একর

মোয়াজী শূন্য দর্শমিক শূন্য আট শূন্য শূন্য একর ভূমি এবং এই ভূমির উপর বর্তমানে যাহা কিছু আছে এবং ভবিষ্যতে যাহা কিছু হইবে তাহা এই বন্ধকী দলিলের আওতাভুক্ত বলিয়া গণ্য হইবে যাহা অত্র দলিল দ্বারা বন্ধকীকৃত সম্পত্তি বটে। চৌহদ্দী- উত্তরে- রাস্তা, দক্ষিণে- অধ্যক্ষ মজিবুর রহমান, পূর্বে- বাবুল, পশ্চিমে- বেলাল ও রাস্তা।

কর্তৃপক্ষ

ইউনাইটেড ফাইন্যান্স পিএলসি.

দৈনিক ভোরের ডাক

প্রকাশ : ০৬/১০/২০২৬